দর্শনা অনিবার্ণ থিয়েটারের আয়োজনে বর্ষা উৎসব পালিত

দর্শনা অনিবার্ণ থিয়েটারের আয়োজনে বর্ষা উৎসব পালিত হয়েছে। গতকাল শুক্রবার সন্ধ্যায় অনিবার্ণ থিয়েটার কার্যালয়ে বর্ষা উৎসবের উদ্বোধন করেন, দর্শনা থানার অসি অপারেশন অনুপ দাস ও অনিবার্ণ থিয়েটারের সিনিয়ার সদস্য কবিরুল হক লিপু, আওয়াল হোসেন ও সাজ্জাদ হোসেন।

উৎসবের উদ্বোধনী অনুষ্ঠানে শাপলা ফুলের মালা, ছাতা ও কুচুপাতার ব্যবহার করে বষার্র পরিবেশ সৃষ্টি করা হয়। শুরুতেই বর্ষার কবিতা আবৃতি করেন, মুন্সি কবির ও সাজ্জাদ হোসেন অনিবার্ণ থিয়েটারের কার্যক্রম ইতিহাস তুলে বক্তব্য রাখেন। এরপর দর্শনা অনিবার্ণ থিয়েটার সদস্যদের পরিবেশনায় শিশু শিল্পীদের দলীয় সংগীত মুক্ত মালার ছাতি মাথায় বর্ষা এলারে, অভিভাবকদের ওগো তোমার আকাশ দুটি চোখে গানটি পরিবেশন করেন।

এছাড়া একের পর এক কবিতা আবৃতি, নিত্য ও কৌতুক সংগীত পরিবেশন করেন অনিবার্ণের সদস্যরা। এসময় আরো উপস্থিত ছিলেন, এ এস আই মনি মহন সরকার, স্বপনা, মিলন, সাব্বির আলিম, খাইরুল ইসলাম ও রিদয়। সমগ্র অনুষ্ঠান পরিচালনা করেন, বেতার শিল্পী মোস্তাক আহম্মেদ মনা ও প্রভাষক মিল্টন কুমার সাহা, মিলন, হাবিবুর রহমান ইদু। অনুষ্ঠান শেষে চড়ুইভাতি আয়োজন করে অনিবার্ণ থিয়েটার।

মেহেরপুর থিয়েটারের রজতজয়ন্তী ও নতুন কমিটি ঘোষণা

মেহেরপুর থিয়েটারের গৌরবের ২৫ বছর পূর্তিতে রজত জয়ন্তী উপলক্ষে সাধারণ সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

গতকাল শুক্রবার সন্ধ্যায় মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমিতে এই

অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মেহেরপুর থিয়েটারের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেকের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর মোঃ রফিকুল ইসলাম।

এ সময় মেহেরপুর থিয়েটারের গৌরবের ২৫ বছর পূর্তিতে রজত জয়ন্তী উপলক্ষে ২১ সদস্য বিশিষ্ট নতুন কমিটির ঘোষণা করা হয়।

মেহেরপুর থিয়েটারের সভাপতি হিসেবে প্রফেসর হাসানুজ্জামান মালেক, সহ-সভাপতি পল্লব ভট্টাচার্য, সহ-সভাপতি হিসেবে আলী রেজা বিচু, সহ-সভাপতি আনোয়ারুল ইসলাম, সাধারণ সম্পাদক মোঃ সাইদুর রহমান, যুগ্ম-সাধারণ সম্পাদক মোঃ মিনারুল ইসলাম, যুগ্ম-সাধারণ সম্পাদক সুলতানা রাজিয়া, সাংগঠনিক সম্পাদক জাহিদ হাসান রাজিব, অর্থ সম্পাদক মাহবুবুর রহমান বাবু, দপ্তর সম্পাদক জাহিদুল হক কাবরান, সাহিত্য ও সংস্কৃতি সম্পাদক ফৌজিয়া আফরোজ তুলি, নাট্য সম্পাদক মহিদুল ইসলাম, সংগীত বিষয়ক সম্পাদক এম সাইদুর রহমান, নিত্য বিষয়ক সম্পাদক সাব্বির হোসেন সোহাগ, প্রচার ও প্রকাশনা সম্পাদক মিনা পারভীন, কার্যনির্বাহী সদস্য আবুল হাসনাত দিপু, কার্যনির্বাহী সদস্য জানে আলম, কার্যনির্বাহী সদস্য মকলেচুর রহমান খোকন, কার্যনির্বাহী সদস্য আব্দুল মান্নান, কার্যনির্বাহী সদস্য আসাবুল ইসলাম কার্যনির্বাহী সদস্য রোকসনা আরার নাম ঘোষণা করা হয় এবং তাদের ফুলের মালা দিয়ে শুভেচ্ছা জানানো হয়।

এরপর মোমবাতির প্রজ্জলন ও কেক কেটে মেহেরপুর থিয়েটারের গৌরবের ২৫ বছর পূর্তি উদযাপন করা হয়।

দর্শনা অনিবার্ণ থিয়েটার নতুন নাটকের যাত্রা শুরু

দর্শনার অনিবার্ণ থিয়েটারে নতুন নাটকের আনুষ্ঠানিক ভাবে ৪৪তম প্রযোজনা যাত্রা শুরু হয়েছে।

গতকাল মঙ্গলবার সন্ধ্যায় রবীন্দ্রনাথ ঠাকুরের দুই বিঘা জমি কবিতা অবল্বনে নাট্যজন আনোয়ার হোসেন এর নাট্যরূপ ও নিদের্শনায় এ নাটকের যাত্রা শুরু হলো ।

অনিবার্ণ থিয়েটার এর নতুন নাটকের আনুষ্ঠানিক ভাবে ৪৪তম প্রজোজনা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অনিবার্ণ থিয়েটারের সভাপতি ফজলুল হক, সাধারণ সম্পাদক ও নতুন প্রযোজনার নির্দেশক ও রূপকার আনোয়ার হোসেন, সহ-সম্পাদক হসমত কবির, মাহাবুবুর রহমান মুকুল, অর্থ সম্পাদক কবিরুল হক লিপু, অনুষ্ঠান সম্পাদক ইসরাইল হোসেন খান টিটো,নিবার্হী সদস্য আওয়াল হোসেন, সাজ্জাদ হোসেন ও অনিবার্ণ থিয়েটারের এক ঝাঁক তরুণ-তরণী।